দৈনিক ইত্তেফাক
৪৯
তারিখ ...23 AUG 1990...
পৃষ্ঠা...২...কলাম...১...

# ক্যাম্পাসে উত্তেজনা ॥ জিয়া হলে গুলী ভাঙ্গচুর অগ্নিসংযোগ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ক্যাম্পাসে আবার উত্তেজনা দেখা দিয়াছে। মঙ্গলবার গভীর-রাতে জিয়া হলে গুলীবর্ষণ ও হলের কয়েকটি কক্ষে ভাঙ্গচুর,

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## ক্যাম্পাসে উত্তেজনা

( ১ম পৃ: পর )

অগ্নিসংযোগের ঘটনার জের হিসাবে গতকাল (বুধবার) কলা-ভবন, মধুর কেন্টিনসহ ক্যাম্পাসের বিভিন্ন এলাকায় আতংক বিরাজ করে। ঘটনার প্রতিবাদে ৯ ছাত্র সংগঠন, ছাত্রদল, ছাত্রলীগ (হা-অ) ছাত্রলীগ (না-শ)-সহ বিভিন্ন ছাত্র সংগঠন ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও ছাত্রসভার আয়োজন করে। ছাত্রলীগ (না শ) ও ছাত্রদল জিয়া হলের ঘটনায় পরস্পরকে দায়ী করিয়াছে।

জানা গিয়াছে যে, ছাত্রী মিছিলে হামলা সম্পর্কিত সিণ্ডিকেটের সিদ্ধান্তের প্রতিবাদে ছাত্রলীগের (না-শ) একটি মিছিল রাত আনুমানিক ১২ টায় সূর্যসেন হল হইয়া জসীমউদ্দীন হলে পৌছিলে হলের বিভিন্ন 'ফ্লোর' হইতে ধর ধর শব্দ উচ্চারিত হয়। এক পর্যায়ে মিছিলটি জিয়া হল অভিমুখে যাত্রা শুরু করিলে জিয়া হল ক্যাম্পাস হইতে পর পর ৩/৪ রাউণ্ড গুলী ছোড়া হয়। প্রত্যক্ষদর্শীরা জানায়, এই সময় কয়েকটি হাতবোমা, বিস্ফোরণ ঘটে। উত্তেজনাকর পরিবেশেও ছাত্রলীগের মিছিল জিয়া হল ক্যাম্পাসে প্রবেশ করা মাত্র ছাত্রদলও মিছিল বাহির করে। দুই মিছিলে পরস্পর বিরোধী শ্লোগান ধ্বনিত হয়। পরবর্তীতে ছাত্রলীগের কর্মীরা মিছিল সহকারে ফুলার রোডস্থ ভিসির বাসভবনে গিয়া জিয়া হলে সংঘটিত ঘটনার প্রতিবাদ জানায়। ছাত্রদের দাবীর মুখে রাত আনুমানিক ১টায় ভিসি জিয়া ও মুজিব হল পরিদর্শন করেন।

ভিসির উপস্থিতিতে দুই গ্রুপের মধ্যে উত্তেজনা প্রশমিত হইলেও ভিসি হল ত্যাগ করার পর রাত আনুমানিক ৩টায় জিয়া হলে আবার উত্তেজনা দেখা হয়। ছাত্রলীগের (না-শ) মতে, এই সময় ছাত্রদলের কর্মীরা ছাত্রলীগ সমর্থিত কর্মীদের ১০টি রুমে ভাঙ্গচুর করে। ৩টি রুমের বিছানাপত্রে আগুন ধরাইয়া দেয়। উল্লেখ্য, রাতের এই ঘটনার সময় ক্যাম্পাসে পুলিশের সংখ্যা অন্যান্য দিনের চাইতে কম ছিল। তবে গতকাল সকাল হইতে ক্যাম্পাসে পুলিশের সংখ্যা বাড়ানো হইয়াছে।

গতকাল অপরাহ্নে বাংলার পাদদেশে অনুষ্ঠিত ৯ ছাত্র সংগঠন ও ছাত্রলীগের (না-শ) পৃথক সভায় বক্তারা বলিয়াছেন, ছাত্রী মিছিলে হামলাকারীরা জিয়া হলে গুলী-বর্ষণ, ভাঙচুর ও অগ্নিসংযোগ করিয়াছে। ছাত্রলীগের সভায় বক্তারা ২৪ ঘন্টার মধ্যে এই ঘটনায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণদান ও ঘটনার বিচার দাবী করেন।

ডাকসু ভবনের সম্মুখে ছাত্রদলের সভায় বক্তারা বলেন, ছাত্রদলের অগ্রযাত্রাকে ব্যাহত করার লক্ষ্যে সরকারের মদদপুষ্টরা ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা শুরু করিয়াছে। সভায় জিয়া হলের ঘটনায় ছাত্র লীগকে (না-শ) দায়ী করিয়া ঘটনার বিচার দাবী করা হয়।

ছাত্রলীগ (হা-অ) ক্যাম্পাসে মিছিল শেষে ছাত্র সভার আয়োজন করে। সভায় বক্তারা অবিলম্বে ছাত্রী মিছিলে হামলার বিচার দাবী করেন। সভায় ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার বিরুদ্ধে শ্লোগান দেওয়া হয়।